গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদফতর
ভাতাসেল (কার্যক্রম-২)
www.dss.gov.bd

শেখ হাসিনার মমতা
বয়স্কদের জন্য নিয়মিত
ভাতা।

স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০৪৯.০৬.০০৬.১৮.২৬০

তারিখ: ২৮ চৈত্র ১৪২৪
১১ এপ্রিল ২০১৮

বিষয়: **সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় বিভিন্ন ভাতা বিতরণ কার্যক্রম বাস্তবায়নে গতিশীলতা আনায়ন, স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণ।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সরকারের সামাজিক নিরাপত্তা কর্মসূচিসমূহের মধ্যে বয়স্কভাতা, বিধবা ও স্বামী নিগৃহীত মহিলাভাতা, অস্বচ্ছল প্রতিবন্ধীভাতা এবং প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য শিক্ষা উপবৃত্তি কর্মসূচি অন্যতম। এসকল কর্মসূচির আওতায় প্রায় ৫০ লক্ষ দরিদ্র, অসহায়, দু:স্থ নারী ও পুরুষ এবং প্রতিবন্ধী জনগোষ্ঠী প্রত্যক্ষভাবে উপকৃত হচ্ছে। প্রতি তিন মাস পরপর রাষ্ট্রায়াত্ব পাঁচটি ব্যাংকের (সোনালী, অগ্রণী, জনতা, বাংলাদেশ কৃষি এবং রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক) মাধ্যমে ভাতাভোগীদের মাঝে ভাতার অর্থ বিতরণ করা হয়ে থাকে। সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, কোন কোন উপজেলায় ভাতা বিতরণের সাথে সংশ্লিষ্ট ব্যাংকশাখা হতে তিন মাসের পরিবর্তে ছয়মাস বা তদোর্ধ্ব সময় অন্তর ভাতা বিতরণ করা হচ্ছে। এমনকি ভাতাভোগী নির্দিষ্ট তারিখে ভাতা গ্রহণে ব্যর্থ হলে তাদেরকে ভাতা গ্রহণের জন্য পরবর্তী কিস্তির অর্থ বিতরণের সময় পর্যন্ত অপেক্ষা করতে হয়। তাছাড়া প্রতিমাসে ভাতা বিতরণ সংক্রান্ত প্রতিবেদন প্রেরণের নির্দেশনা থাকলেও ব্যাংক কর্তৃক প্রায়শই প্রতিবেদন প্রদান করা হয় না।

বর্ণিতাবস্থায়, সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় বিভিন্ন ভাতা বিতরণ কার্যক্রমে গতিশীলতা আনয়নসহ ভাতা বিতরণে স্বচ্ছতা ও জবাবদিহীতা নিশ্চিত করার লক্ষ্যে নিম্নোক্ত নির্দেশনা অনুসরণ করার জন্য অনুরোধ করা হলো:

১.ভাতা বিতরণকারী রাষ্ট্রায়ত্ব ব্যাংকের প্রতিনিধি এবং সংশ্লিষ্ট জেলার উপপরিচালকদের সাথে প্রতি তিন মাস অন্তর সভা করতে হবে;

২.যে সকল ব্যাংক শাখা তিন মাস পরপর ভাতার অর্থ প্রদান করে না কিংবা যে সকল সমাজসেবা অফিসার তিন মাস পরপর ভাতার অর্থ ছাড় করেন না, সে সকল ব্যাংক শাখা এবং সমাজসেবা অফিসারের নামের তালিকা প্রেরণ করতে হবে;

৩.নিবিড় তদারকির মাধ্যমে সংশ্লিষ্ট সকল পক্ষের সাথে যোগাযোগ রক্ষা করে দ্রুততম সময়ের মধ্যে উপকারভোগী নির্বাচন সম্পন্ন করতে হবে;

৪. উপকারভোগী নির্বাচন ও ভাতার অর্থ গ্রহণে ভাতাভোগী যাতে কোন প্রকার হয়রানীর শিকার না হন কিংবা ভাতা বিতরণে কোন অনিয়ম না হয়, সে বিষয়ে সংশ্লিষ্ট উপপরিচালক ও সমাজসেবা অফিসারকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে হবে;

৫.প্রতি মাসের ৭ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে এবং ৩ তারিখের মধ্যে পূর্ববর্তী মাসের ভাতা বিতরণ অগ্রগতি প্রতিবেদন সমাজকল্যাণ মন্ত্রণালয়ে প্রেরণের নির্দেশনা রয়েছে। এ নির্দেশনা বাস্তাবায়নে প্রতিমাসের ৩০ তারিখের মধ্যে ভাতা বিতরণ অগ্রগতির জেলাভিত্তিক সমন্বিত প্রতিবেদন সমাজসেবা অধিদফতরে প্রেরণ করতে হবে;

৬.বাস্তবায়ন নীতিমালা অনুযায়ী প্রত্যেক অর্থবছরের জন্য বরাদ্দকৃত অর্থ বিতরণের Cut off Date পরবর্তী অর্থবছরের ৩১ জুলাই। এর পরে পূর্ববর্তী অর্থবছরের ভাতা বিতরণের কোন সুযোগ নেই। পূর্ববর্তী অর্থবছরের ভাতা বিতরণ শেষে ১০ আগস্টের মধ্যে ব্যাংক স্টেটমেন্টসহ জেলাভিত্তিক সমন্বিত প্রতিবেদন প্রেরণ করতে হবে।

১১-৪-২০১৮
গাজী মোহাম্মদ নূরুল কবির
মহাপরিচালক

পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়(সকল)........

স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০৪৯.০৬.০০৬.১৮.২৬০/১(১২৯) তারিখ: ২৮ চৈত্র ১৪২৪ / ১১ এপ্রিল ২০১৮

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলঃ

১) সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২) জেলা প্রশাসক (সকল),....................।

৩) উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় (সকল),........................।

১১-৪-২০১৮

আবু মোহাম্মদ ইউসুফ

পরিচালক